



004

বাংলাভাষা ও সাহিত্যে পিএইচডি ডিগ্রী লাভ

বাংলা একাডেমীর অফিসার মাহমুদা খানম (রেবা) ১৯৮৬ সালে কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলাভাষা ও সাহিত্যে পি এইচ ডি ডিগ্রী লাভ করেছেন। পশ্চিম বাংলার প্রখ্যাত গবেষক ও কোলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যক্ষ ডঃ অসিত কুমার বন্দোপাধ্যায়ের তত্ত্বাবধানে মাহমুদা খানম-এর গবেষণার বিষয় ছিল, “মধ্য যুগীয় বাংলা সাহিত্যে হিন্দী সুফী কাব্যের প্রভাব”। মিসেস মাহমুদা ১৯৫৩ সালে ম্যাট্রিক পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯৬৫ সালে তিনি প্রাইভেটে আই এ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৮ সালে বাংলায় আনার্স ও ১৯৬৯ সালে এম এ পরীক্ষায় উত্তীর্ণ হন। ১৯৭৫-৭৭ সালে স্বামীর কার্যক্ষেত্র লগুনে থাকাকালীন তিনি ডঃ আনিসুজ্জামান এবং লগুন বিশ্ববিদ্যালয়ের হিন্দী বিভাগের অধ্যাপক ডঃ এস এম পান্ডের উৎসাহে হিন্দী শিক্ষান্তে উল্লেখিত বিষয়ে পি এইচ ডি-র জন্য প্রস্তুতি গ্রহণ করেন। দেশে প্রত্যাবর্তনের পর মাহমুদা খানম বাংলাদেশ সরকারের নমিনী হিসেবে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে তিন বছর মেয়াদী গবেষণার জন্যে গমন করেন এবং সাফল্য অর্জন করেন।

মাহমুদা খানম দুই পুত্র ও দুই কন্যার জননী এবং তাঁর তিনটি নাতি-নাতনি রয়েছে। তিনি পারিবারিক জীবনে একান্তরে স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের ‘চরমপত্র’ খ্যাত এম আর আখতার মুকুল-এর সহধর্মিণী।

— প্রেস বিজ্ঞপ্তি।